



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৬ জুলাই' ২০২৩ খ্রি.

### ৪ কোটি ৯৪ লাখ টাকায় সংস্কার হলো দেওয়ান বাজারের সড়ক

নগরীর ২০নং দেওয়ানবাজার ওয়ার্ডস্থ ছয়টি সড়কের উন্নয়নে চার কোটি ৯৪ লক্ষ টাকায় প্রকল্পের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার মেয়রের উদ্বোধন করা এ প্রকল্পের আওতায় বলুয়ারদিঘী সড়ক, কোরবানীগঞ্জ সড়ক, সা-এরিয়া ও ঘাটফরহাদ বেগ সড়ক, কাজেম আলী ও হাকিম আলী সড়ক, সিএন্ডবি কলোনী সড়ক এবং রূমঘাটা সড়কের ডেইনসহ উন্নয়ন করা হবে।

প্রকল্প উদ্বোধনের পর মেয়র দেওয়ানবাজার ওয়ার্ড কার্যালয় পরিদর্শনে গেলে কাউন্সিলর চৌধুরী হাসান মাহমুদ হাসনি ওয়ার্ডে জলাবদ্ধতা নিরসনসহ বিভিন্ন সমস্যার সমাধানে পরিকল্পনা তুলে ধরলে মেয়র চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিককে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বলেন।

এসময় আরো উপস্থিতি ছিলেন চসিককের সংরক্ষিত নারী কাউন্সিলর রহমকি সেনগুপ্ত, সাবেক কাউন্সিলর পেয়ার মোহাম্মদ, সাবেক নারী কাউন্সিলর আনজুমান আরা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হৃদা, তত্ত্ববিধায়ক প্রকৌশলী মোহাম্মদ শাহীন উল ইসলাম চৌধুরী, নির্বাহী প্রকৌশলী ফারজানা মুক্তা, সহকারী প্রকৌশলী আসীর হামীমসহ স্থানীয় নেতৃত্বন্দ ও এলাকাবাসী।

### মুসলিম মেয়েদেরও প্রয়োজন দ্বিনি শিক্ষা : মেয়র রেজাউল

সমাজে নৈতিকতার প্রসারে ছেলেদের পাশাপাশি মুসলিম মেয়েদেরও দ্বিনি শিক্ষা প্রয়োজন বলে মন্তব্য করেছেন বলে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার নগরীর এক্সেস রোডে একটি কনভেনশন সেন্টারে তানযীমূল উম্মাহ গার্লস মাদরাসার চট্টগ্রাম মধ্যম সরাইপাড়া শাখার বার্ষিক পুরক্ষার বিতরণী অনুষ্ঠানে এ মন্তব্য করেন মেয়র রেজাউল।

এসময় আরো উপস্থিতি ওয়ার্ড কাউন্সিলর নুরুল আমীন, ডেস্ট্রিক্ট মওলানা সাইয়েদ আবু নোমান, আ.ন.মু.রাশিদুল ইসলাম সায়েম, মাদ্রাসার প্রিপিয়াল হাবিবুর রহমানসহ মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীরা।

### চসিক ভার্যমান আদালত

এডিস মশার লার্ভা পাওয়ায় ১৬ ভবন মালিককে

১ লক্ষ ২১ হাজার টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার ডেঙ্গু মশার উৎসস্থল ধ্বন্দ্বে যৌথভাবে ভার্যমান আদালত পরিচালনা করেন স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন ও রাজ্য কর্মকর্তা সৈয়দ শামসুল তাবরীজ। নগরীর চকবাজার, কাতালগঞ্জ ও সিরাজুদ্দোলা রোড এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার উৎসস্থল শতাধিক বাসা বাড়ির ছাদ বাগান ও নির্মাণাধীন ভবন ড্রোন দিয়ে জরিপ করা হয়। অভিযানে নির্মাণাধীন ভবনের নীচে, ফুলের টব, ড্রাম ও ছাদে জমে থাকা পানিতে মশার লার্ভা থাকায় ১৬ ভবন মালিকের বিরুদ্ধে মামলা বর্জু পূর্বক ১ লক্ষ ২১হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাসেম, ম্যালিলিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা মে. সরফুল ইসলাম মাহি সহ সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮